দৈনিক জনকণ্ঠ

তারিখ ...13 APR 1997 ... ...
পৃষ্ঠা ৮ কলাম ৫ .....

# ঢাকা ভার্সিটি ভর্তি যুদ্ধ ॥ প্রস্তুতি

উদ্বিগ্ন অভিভাবক। দিশাহারা ছাত্র-ছাত্রীরা। ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি ফরম জমা দিতে এসে সবার মুখে লক্ষ্য করা গেছে হতাশার ছাপ। এত আবেদনকারী! এ বিস্ময় সকলের। ডবল ফার্স্ট ডিভিশন পেয়েও ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির ব্যাপারে কমবেশি সবাই শঙ্কিত। কারণ প্রতি আসনের বিপরীতে গড়ে আবেদনকারীর সংখ্যা ১৫ জন। এ পরিস্থিতিতে ভয় পেলে চলবে না। ভর্তির সুযোগ পরীক্ষার্থীর হাতের মুঠোয়, অর্থাৎ লিখিত পরীক্ষা। হ্যাঁ, একমাত্র লিখিত পরীক্ষাই আপনাকে নিয়ে যেতে পারে সাফল্যের দ্বারপ্রান্তে। ভাল বিষয়ে ভর্তি হতে হলেও লিখিত পরীক্ষায় ভাল করতে হবে। এবার প্রশ্নপত্র হবে নৈর্ব্যক্তিক ধরনের। তাই সঠিক উত্তরে টিক দিতে পারলেই আপনার থলিতে চলে আসবে একটি করে নম্বর। যেহেতু ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে হলে পরীক্ষা

## শরিফুজ্জামান পিন্টু

ছাড়া বিকল্প কোন মাধ্যম নেই তাই এখনই আপনাকে প্রস্তুত হতে হবে ভর্তি পরীক্ষায় ভাল করার জন্য।

দেশের ডিগ্রী পর্যায়ে ভর্তি প্রক্রিয়া চলছে। মেডিক্যাল ও বুয়েটে ভর্তিপরীক্ষা ইতোমধ্যে অনুষ্ঠিত হয়েছে। এরপরই সংখ্যাগরিষ্ঠ ছাত্র-ছাত্রীর পছন্দের তালিকায় ঠাঁই পায় ঢাকা বিশ্ববিদ্যালয়। এ বিশ্ববিদ্যালয়ে আবেদনকারীর সংখ্যা বছর বছর বাড়ছে। এ বছরও বেড়েছে গতবছরের তুলনায় চার হাজার। তবে এইচএসসিতে পাসের হার আশঙ্কাজনক হারে না কমলে হয়ত আবেদনকারীর সংখ্যা আরও বৃদ্ধি পেত।

১৯৯৭ সালে প্রায় চার হাজার আসনের জন্য গড়ে আবেদন জমা পড়েছে ৬১ হাজার ১শ' ৮০টি। ১৯৯৬ সালে আবেদন পড়েছিল প্রায় ৫৯ হাজার। ১৯৯৫ সালে আবেদনকারীর সংখ্যা বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে সবচেয়ে বেশি ছিল। তখন একটি আসনের জন্য প্রতিদ্বন্দ্বিতা করেছিল প্রায় ১৯ জন। মোট আবেদন জমা পড়ে প্রায় ৭০ হাজার। ১৯৯৪ সালে আবেদন পড়েছিল প্রায় ৫২ হাজার আর ১৯৯৩ সালে এ সংখ্যা ছিল ৪৬ হাজার ৯শ' ৬৪'। চলতি বছর বিজ্ঞান ও জীববিজ্ঞান অনুষদভুক্ত 'ক' ইউনিটে আবেদন পড়েছে ২১ হাজার ৪শ' ৮০টি। এ ইউনিটে আসনসংখ্যা প্রায় ১১শ'। 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষা হবে ১৬ মে '৯৭। কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত 'খ' ইউনিটে আবেদন পড়েছে ১৫ হাজার ১শ'টি। এ ইউনিটে আসন সংখ্যা প্রায় দু'হাজার। আগামী ৯ মে অনুষ্ঠিত হবে 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষা। বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত 'গ' ইউনিটে আসনসংখ্যা প্রায় সাত শ'। আবেদন পড়েছে ৯ হাজার ৯শ'। ভর্তি পরীক্ষা আগামী ২ মে। আর 'ঘ' ইউনিটে (সম্মিলিত) আবেদন পড়েছে ১৪ হাজার ৭শ'। এ ইউনিটে আসনসংখ্যা প্রায় ছ' শ'। আগামী ২৩ মে অনুষ্ঠিত হবে 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষা।

| সাল | আবেদনকারী | প্রতি আসনের জন্য | মোট আসন |
|---|---|---|---|
| ১৯৯৩ | ৪৬,৯৬৪ | ১৩ জন | ৩৭৩০ |
| ১৯৯৪ | ৫২,০০০ | ১৪ জন | ৩৭৩০ |
| ১৯৯৫ | ৭০,০০০ | ১৯ জন | ৩৭৩০ |
| ১৯৯৬ | ৫৯,০০০ | ১৬ জন | ৩৭৩০ |
| ১৯৯৭ | ৬১,১৮০ | ১৫ জন | ৪০০০ (প্রায়) |


| সাল | আবেদনকারী | প্রতি আসনের জন্য | মোট আসন |
|---|---|---|---|
| ১৯৯৩ | ৪৬,৯৬৪ | ১৩ জন | ৩৭৩০ |
| ১৯৯৪ | ৫২,০০০ | ১৪ জন | ৩৭৩০ |
| ১৯৯৫ | ৭০,০০০ | ১৯ জন | ৩৭৩০ |
| ১৯৯৬ | ৫৯,০০০ | ১৬ জন | ৩৭৩০ |
| ১৯৯৭ | ৬১,১৮০ | ১৫ জন | ৪০০০ (প্রায়) |


*একনজরে প্রতিদ্বন্দ্বিতার ছবি*



*ভর্তি ফরম জমা দেয়ার শেষ দিন ঢাকা বিশ্ববিদ্যালয় -ইয়াসিন কবির জয়*